



গার্ল
ইন
স্কাউটিং

বুলেটিন



অক্টোবর-ডিসেম্বর ২০১৯

জাতীয় কাউন্সিলের ৪৮তম বার্ষিক সাধারণ সভা

প্রধান অতিথি : জনাব মোঃ আবদুল হামিদ

মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ও চীফ স্কাউট

১৪ কার্তিক ১৪২৬ (৩০ অক্টোবর ২০১৯) বুধবার
বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা



জাতীয় কাউন্সিলের ৪৮তম বার্ষিক সাধারণ সভা

৩০ অক্টোবর, ২০১৯ তারিখ, বুধবার, বিকাল ০৩:৩০ মিনিটে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের ৪৮তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী, এমপি কাউন্সিল সভার শুভ উদ্বোধন করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের

মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট মোঃ আবদুল হামিদ এর পক্ষে রাষ্ট্রপতির লিখিত বক্তব্য পাঠ করেন রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের মাননীয় কমিশনার (অনুসন্ধান) ড. মোঃ মোজাম্মেল হক খান। অনুষ্ঠানে

স্কাউট আন্দোলনে অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ ভারত স্কাউটস এন্ড গাইডস এর চীফ কমিশনার Mr.K. K. Khandelwal সহ ১২ জন স্কাউটারের মাঝে বাংলাদেশ স্কাউটস এর সর্বোচ্চ অ্যাওয়ার্ড ‘রৌপ্য ব্যান্ড’ এবং ১৫ জন স্কাউটারের মাঝে বাংলাদেশ স্কাউটস এর দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড ‘রৌপ্য ইলিশ’ প্রদান করা হয়। অনুষ্ঠানে জাতীয় কাউন্সিলের কাউন্সিলরসহ মন্ত্রী পরিষদের সম্মানিত সদস্য, সিনিয়র সচিববৃন্দ এবং আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।



জনাব ফাহমিদা'র জন্ম ১৯৭১ সালে বরগুনা জেলায়। তিনি ইংরেজি সাহিত্যে অনার্সসহ স্নাতকোত্তর এবং এম.ফিল ডিগ্রী অর্জন করেন। ২০০১ সালে তিনি শিক্ষা ক্যাডারে যোগদান করেন। ২০০২ সালে ইউনিট লিডার হিসেবে স্কাউটিং শুরু করে ২০১৭ সালে এ.এল.টি এর সম্মানীয় দায়িত্ব প্রাপ্ত হন। তিনি ২০১৪ সাল হতে অদ্যবধি জাতীয় উপ-কমিশনার হিসেবে দায়িত্বরত আছেন। জনাব ফাহমিদা, পথ শিশুদের স্কাউটিং “টিকেট টু লাইফ” প্রজেক্ট, ক্যাম্পার আক্রান্ত শিশুদের স্কাউটিং সেবা কার্যক্রম “গোল্ডেন রিবন” প্রজেক্ট, “মেসেঞ্জার অব পিস্” এর কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের মাধ্যমে স্কাউটিং এ অনন্য অবদান রাখছেন। তিনি এপিআর এর কমিউনিকেশন এন্ড ডেভেলপমেন্ট সাব-কমিটির মেম্বর হিসেবে সক্রিয় ভূমিকা পালন করছেন। তিনি এ বছর বাংলাদেশ স্কাউটস এর দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড অর্জন করেন।

৬২ তম জোটা ও ২৩ তম জোটা - ২০১৯



১৯ অক্টোবর কার্যক্রমটির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কর্মকমিশনের বিজ্ঞ সদস্য ও প্রাক্তন জাতীয় কমিশনার (উন্নয়ন) উজ্জল বিকাশ দত্ত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (উন্নয়ন) মেজবাহ উদ্দিন ভূঁইয়া, জাতীয় কমিশনার (সংগঠন) আখতারুজ্জামান খান কবির। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী পরিচালক জনাব আরশাদুল মুকাদ্দিস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস) ও রেলপথ মন্ত্রণালয়ের সচিব মো: মোফাজ্জেল হোসেন।

সারা দেশে শুরু হয়েছে ৬২ তম জোটা স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগের ও ২৩ তম জোটা। বাংলাদেশ ব্যবস্থাপনায় জাতীয় সদর দফতরের শামস হলে



জাতীয় সদর দফতর, বাংলাদেশ স্কাউটস
তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯



জাতীয় সদর দফতর, বাংলাদেশ স্কাউটস
তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯



জাতীয় সদর দফতর, বাংলাদেশ স্কাউটস
তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯



জাতীয় সদর দফতর, বাংলাদেশ স্কাউটস
তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯



ইনফরমেশন রিসোর্স সেন্টার, বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়
বাংলাদেশ স্কাউটস বরগুনা জেলা রোডার, তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯



খোরশেদা বেগম আইডিয়াল ইনস্টিটিউট, আলদী বাজার, টংগিবাড়ী
বাংলাদেশ স্কাউটস মুন্সীগঞ্জ জেলা রোডার, তারিখ: ১৮-২০ অক্টোবর, ২০১৯

৪র্থ ঢাকা আঞ্চলিক কাব ক্যাম্পুরী-২০১৯

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে গত ১৫-১৯ অক্টোবর, ২০১৯ এ অনুষ্ঠিত হলো ৪র্থ ঢাকা আঞ্চলিক কাব ক্যাম্পুরী ২০১৯। ১৬ অক্টোবর, ২০১৯ এর অনুষ্ঠিত হয় ক্যাম্পুরীর উদ্বোধনী অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, এম পি। প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক

মোঃ আবুল কালাম আজাদ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস ঢাকা অঞ্চলের সম্মানিত সহ-সভাপতি প্রফেসর তপন কুমার সরকার। এসময় অংশগ্রহণকারী কাব শিশুদের মনোমুগ্ধকর পরিবেশনায় এক প্রাণোচ্ছল পরিবেশের সৃষ্টি হয়।



১ম ময়মনসিংহ আঞ্চলিক কাব ক্যাম্পুরী-২০১৯

বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ অঞ্চলের আয়োজনে গত ২৩-২৭ অক্টোবর, ২০১৯ আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহে “আমাদের দেশ, আমরাই গড়বো” থীম নিয়ে প্রথম আঞ্চলিক কাব ক্যাম্পুরী অনুষ্ঠিত হয়। ২৩ অক্টোবর ২০১৯ বুধবার বিকাল

৪.০০ টায় বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ অঞ্চলের সভাপতি প্রফেসর ড. গাজী হাসান কামাল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রথম আঞ্চলিক কাব ক্যাম্পুরীর শুভ উদ্বোধন করেন সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ, এমপি। বিশেষ অতিথি ও অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (প্রকল্প) ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মোহসিন, ময়মনসিংহ জেলার জেলা প্রশাসক ও বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলার সভাপতি মো. মিজানুর রহমান, ক্যাম্পুরী চীফ আবু নুর মো. আনিসুল ইসলাম চৌধুরী, বাংলাদেশ স্কাউটসের আঞ্চলিক উপ কমিশনার (সংগঠন) এবং ময়মনসিংহ অঞ্চল ও মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার জনাব সুবর্ণা সরকার, বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ অঞ্চলের সম্পাদক জামাল উদ্দিন আকন্দ প্রমুখ। ক্যাম্পুরীতে ময়মনসিংহ বিভাগের প্রতিটি জেলা, উপজেলা থেকে প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত

৬-১১ বছর বয়সী প্রায় এক হাজার কাব স্কাউট ও স্কাউট লিডার অংশগ্রহণ করছে। ক্যাম্পুরীতে অংশগ্রহণ করে কাব স্কাউট সদস্যরা আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলায় আত্মপ্রত্যয়ী, পরোপকারী ও সমাজ সেবায় উদ্বুদ্ধ হবে।



এশিয়া প্যাসিফিক আঞ্চলিক ওয়ার্কশপ অন এডাল্টস ইন স্কাউটিং



এডাল্ট লাইফ সাইকেল, এডাল্টস ইন স্কাউটিং, ন্যাশনাল স্কাউট অরগানাইজেশন চ্যালেঞ্জস, এডাল্টস ইন স্কাউটিং সাপোর্ট টু ইয়ুথ প্রোগ্রাম পলিসি এন্ড ইয়ুথ ইনভলভমেন্ট পলিসি, সেভ ফরম হার্ম এবং ওয়াল্ড অরগানাইজেশন অব স্কাউটস মুভমেন্ট এর কোড অব কন্ডাক্ট ইত্যাদি বিষয়ে সেশন পরিচালিত হয়। ১৮ নভেম্বর ওয়ার্কশপের 'ইন্টারন্যাশনাল নাইট' অনুষ্ঠিত হয়। ইন্টারন্যাশনাল নাইট অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক স্কাউটার মে: আবুল কালাম আজাদ উপস্থিত থাকেন। এছাড়া ১৯ নভেম্বর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করে ওয়ার্কশপটির সমাপ্তি ঘোষণা করেন বাংলাদেশ স্কাউটস এর সহ সভাপতি মোঃ হাবিবুল আলম (বীর প্রতীক)।

গত ১৬ই নভেম্বর, ২০১৯ শনিবার গাজীপুর মৌচাকের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে 'এশিয়া প্যাসিফিক আঞ্চলিক ওয়ার্কশপ অন এডাল্টস ইন স্কাউটিং' আনুষ্ঠিত হয়। বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের কমিশনার (অনুসন্ধান) ড. মো: মোজাম্মেল হক খান প্রধান অতিথি হিসেবে ওয়ার্কশপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় বিশ্ব স্কাউট সংস্থার এশিয়া-প্যাসিফিক আঞ্চলিক স্কাউট সাপোর্ট সেন্টারের সহায়তায় ১৬ থেকে ১৯ নভেম্বর ২০১৯ পর্যন্ত এই ওয়ার্কশপটি অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে ভুটান, ভারত, ইন্দোনেশিয়া, মালেশিয়া, নেপাল, ভিয়েতনাম, সিংগাপুর, হংকং, জাপান, মালদ্বীপের ২১ জন এবং বাংলাদেশের ৩৭ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করে। ওয়ার্কশপ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার (অ্যাডাল্ট ইন

স্কাউটিং) স্কাউটার ফেরদৌস আহমেদ। রিসোর্স পার্সন ও ফ্যাসিলিটের হিসেবে এশিয়া-প্যাসিফিক স্কাউট সাপোর্ট সেন্টারের পরিচালক, এপিআর অ্যাডাল্ট ইন স্কাউটিং কমিটির চেয়ারম্যান, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনারসহ ২৫ জন দায়িত্ব পালন করে। ওয়ার্কশপে এডাল্টস ইন স্কাউটিং পলিসি,



এপিআর অ্যাডাল্ট সাপোর্ট সাব কমিটির সভা



সানসো চীফ কমিশনার'স কনফারেন্স



বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় গত ২৭-৩০ নভেম্বর ২০১৯ পর্যন্ত বাংলাদেশ স্কাউটস এর জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক গাজীপুরে সানসো চীফ কমিশনার'স কনফারেন্স অনুষ্ঠিত হয়। সার্কভুক্ত দেশ সমূহ নিয়ে সানসো গঠিত। সানসোর পূর্ণরূপ 'সাউথ এশিয়ান এ্যাসোসিয়েশন অব ন্যাশনাল স্কাউট অরগানাইজেশন'। স্কাউটিংয়ের উন্নয়নে সম্মিলিতভাবে স্কাউটিং কার্যক্রম বাস্তবায়ন করে সানসো। সানসো চীফ কমিশনার'স

কনফারেন্সে ভুটান, পাকিস্তান, মালদ্বীপ, ভারত, আফগানিস্তান, নেপাল এবং বাংলাদেশ স্কাউটস এর চীফ কমিশনারবৃন্দ অংশগ্রহণ করেন। কনফারেন্সের উল্লেখযোগ্য বিষয় ছিল সানসো চেয়ারম্যান নির্বাচন এবং সানসো সংবিধান অনুমোদন। এই কনফারেন্সে সার্কভুক্ত দেশ সমূহের চীফ কমিশনারদের মধ্যে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের মাননীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান। বাংলাদেশ স্কাউটস বিশ্বের ১৭০ টি দেশের মধ্যে ৫ম বৃহত্তম ও অন্যতম স্কাউটিং সংগঠন। ড. মো. মোজাম্মেল হক খান সানসোর চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় স্কাউটিংয়ে বাংলাদেশ স্কাউটস আরো এগিয়ে গেল। কনফারেন্সে সানসো সংবিধান অনুমোদনের পর সানসো দেশসমূহের চীফ কমিশনারদের মধ্যে স্কাউটিংয়ের উন্নয়নে একযোগে কাজ করার লক্ষ্যে এমওইউ স্বাক্ষরিত হয়। ২৭ নভেম্বর ২০১৯ বুধবার সন্ধ্যা ৭.০০ টায় সানসো চীফ কমিশনার'স কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনারবৃন্দ, জাতীয় উপ কমিশনারবৃন্দ এবং প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভবৃন্দ। ২৯ নভেম্বর ২০১৯ শুক্রবার সন্ধ্যা ০৭.০০ টায় গুলশানের ফোর পয়েন্ট বাই শেরাটন হোটেলে কনফারেন্সটি আনুষ্ঠানিকভাবে সমাপ্ত হয়।



গার্ল ইন স্কাউটিং কার্যক্রম



উপদল নেতা কোর্স; স্থান: হালিমুল্লাহ চৌধুরাণী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ; তারিখ: ১৮-২১ ডিসেম্বর, ২০১৯ইং, প্রশিক্ষার্থীর সংখ্যা: ৫০ জন



স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স; স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, চককরিয়া, কক্সবাজার; তারিখ: ২৪ অক্টোবর, ২০১৯ইং; প্রশিক্ষার্থীর সংখ্যা: ৪২ জন



কাব স্কাউট ইউনিট লিডার এ্যাডভান্স কোর্স (মহিলা); স্থান: জেলা স্কাউট ভবন, টাঙ্গাইল; তারিখ: ২০-২৫ অক্টোবর, ২০১৯ইং; প্রশিক্ষার্থীর সংখ্যা: ৪০ জন

ডে ক্যাম্প-২০১৯



বাংলাদেশ স্কাউটস গার্ল ইন স্কাউটিং বিভাগের অর্থায়নে ও বাংলাদেশ স্কাউটস গাজীপুর জেলার আয়োজনে কারিগরি স্কুল ও মাদ্রাসার ছাত্রীদের নিয়ে গত ০৯ ডিসেম্বর, ২০১৯ইং ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে জেলা শহরের শহীদ বরকত স্টেডিয়ামে দিনব্যাপী অনুষ্ঠিত ডে ক্যাম্পের উদ্বোধন করেন গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আবু নাসার উদ্দিন। এছাড়াও উক্ত ডে

ক্যাম্প পরিদর্শন করেন বাংলাদেশ স্কাউটস এর সহকারী পরিচালক (গার্ল ইন স্কাউটিং) জনাব মোছা. জান্নাতুল ফেরদৌস। এসময় সাথে ছিলেন বাংলাদেশ স্কাউটস গার্ল ইন স্কাউটিং ট্রাফোর্সের সদস্যসচিব জনাব তানজিন মাহমুদ ও গার্ল ইন স্কাউটিং বুলেটিন ট্রাফোর্সের সদস্য মো রাকিব হাসান শিপু। ডে ক্যাম্প উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস গাজীপুর জেলা কমিশনার

অধ্যক্ষ ওয়াদুদুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, যুগ্ম সম্পাদক আব্দুল্লাহ আল আযাদ। বক্তারা বলেন, আগামী ২০২১ সালের মধ্যেদেশে ২১ লক্ষ স্কাউট তৈরীর যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। স্কাউটিংয়ে মেয়েদের অধিক সংখ্যায় এগিয়ে আসতে হবে। ডে ক্যাম্পে জেলার বিভিন্ন কারিগরী স্কুল ও মাদ্রাসার দেড় শতাধিক ছাত্রী অংশ গ্রহন করেন।

গার্ল ইন স্কাউটিং কার্যক্রম



গার্ল-ইন-স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির ৭৭তম সভা; স্থান: শামস হল, জাতীয় সদর দফতর; তারিখ: ১১ নভেম্বর, ২০১৯ইং; অংশগ্রহণকারীর সংখ্যা: ১০ জন



২য় জাতীয় ওয়ার্কশপ অন ইফেক্টিভ কোয়ালিটি ট্রেনিং



প্রতিষ্ঠান প্রধানদের মতবিনিময় সভা; স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, চাপাইনবাবগঞ্জ; তারিখ: ১৩ নভেম্বর, ২০১৯; প্রশিক্ষার্থীর সংখ্যা: ৬০ জন

গার্ল-ইন-রোভার মেট কোর্স



স্থান: খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা; তারিখ: ২৪-২৮ অক্টোবর ২০১৯ইং; প্রশিক্ষার্থীর সংখ্যা: ৫০ জন

বিভিন্ন কার্যক্রমে গার্ল ইন স্কাউটদের অংশগ্রহণ



নওগাঁয় ৩২৯ তম রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় জেলা রোভারের সেবা কার্যক্রম



স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স, রোভার অঞ্চল



জাতীয় কর মেলায় রোভার স্কাউটদের সেবা দান

সম্পাদনা

প্রধান উপদেষ্টা

ড. মো. মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস

উপদেষ্টা পরিষদ

জনাব নাজমা শামস
জনাব সুরাইয়া বেগম এনডিসি
জনাব আরশাদুল মুকাদ্দিস

সম্পাদনা পরিষদ

জনাব মাহবুবা খানম
ড. নাজমানারা খানুম
জনাব মোছা: জান্নাতুল ফেরদৌস

সম্পাদনা সহযোগী

রোভার স্কাউট জে, এম, কামরুজ্জামান
রোভার স্কাউট জেরিন আলম রিতা
রোভার স্কাউট এস এম নাজমুল করিম নাহিদ
রোভার স্কাউট মো. রাকিব হাসান শিপু, পি.এস.
রোভার স্কাউট আফিফা আফরোজ চৈতি
রোভার স্কাউট মনিয়া আজার
রোভার স্কাউট জাকিয়া সুলতানা

বাংলাদেশ স্কাউটস

৬০ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, ঢাকা-১০০০

গ্রাফিক্স: মো. রেদওয়ানুর রহমান

মুদ্রণ: টু এন এক্সপ্রাইজ

৫১/৫১-এ পুরানাপল্টন, ঢাকা-১০০০

Upcoming International Events

- APR Workshop on Adults in Scouting**
Date : 16-19 November 2019
Country : Bangladesh
- National Pertikawan Camp**
Date : 18-25 November 2019
Country : Indonesia
- 1st ASEAN Seaboree**
Date : 6-9 December 2019
Country : Singapore
- World Non-Formal Education Forum**
Date : 9-11 December 2019
Country : Brazil
- 13th APR Rover Moot**
Date : 30 Dec 2019-10 Jan 2020
Country : Australia
- 22nd International Adventure Programme**
Date : 2-8 February 2020
Country : India
- 2nd Community-Based Scout Camp**
Date : 8-14 February 2020
Country : Bangladesh
- European Jamboree**
Date : 27 July-6 August 2020
Country : Poland